স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বায়োকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ স্থযোগ ও স্থবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল স্থনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্বল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বৈশিষ্ট্য।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭১ ইংরাজী 27th May 1964 { ২য় সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sequr

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রভাব বাস্তবতা ও নিপুণতা আবাবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

আয়ুর্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব:— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭১ সাল।

# পতিতোদ্ধারের পন্থা প্রেম ও গুঁতো

—•—

স্মরণাতীত কাল হইতে শোনা যাইতেছে—"যত্র জীবঃ তত্র শিবঃ"। প্রত্যেক প্রাণীর মধ্যে শিব আছেন। এই বাক্য বলেন অনেকেই, কিন্তু তদনুসারে কার্য্য কেউ করেন কি? প্রায় ৪৬৪ বৎসর পূর্ব্বে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু আবির্ভূত হইয়া আচণ্ডালে আলিঙ্গন দিয়া "নামে রুচি জীবে দয়া" প্রচার করিয়াছেন। তখন হইতে বৈষ্ণবগণ—"চণ্ডালোঽপি দ্বিজশ্রেষ্ঠো বিষ্ণুভক্তিপরায়ণ" এই বাক্য যখন তখন আবৃত্তি করিলেও কাজে কেউ, তাহা দেখাইয়াছেন কি? চণ্ডালের অস্পৃশ্যতা দূর হয় নাই।

মুসলমান বাদশাহের দখল আসিল। তাঁহাদের গুঁতোর ভয়ে সারা ভারতের হিন্দুরা কাঁপিতে লাগিল। হাড়ি, বাগ্দী, ডোম, মেথর প্রভৃতি হীন বর্ণের হিন্দুদের উচ্চ বর্ণের হিন্দুরা কুকুর শেয়ালের চেয়েও ঘৃণা করিত বলিয়া, তাহারা মুসলমান ধর্ম্ম অবলম্বন করিতে লাগিল। যে দীনু ডোমকে, পায়ের ধুলো নিতে এলে, ভূদেবগণ মারমুখো হইতেন, আজ তার নাম হইল দীনমহম্মদ। এখন দীনমহম্মদ সেলাম করিলে তাহাকে প্রতি-সেলাম করিতে হয়। যে নাপিত হিন্দুগণের দেবমন্দিরে এবং সর্ব্ববিধ পূজাপার্ব্বণে ফুল, তুলসী, বিল্বপত্র, চন্দন ও যজ্ঞকাষ্ঠাদি আহরণ করিয়া থাকে, সেই নাপিতই এই দীনমহম্মদ এবং তাঁহার স্বধর্ম্মিগণের চরণ স্পর্শ করিয়া নখ কাটিতে দ্বিধা বোধ করিল না। মহাপ্রভু প্রেমের জোরে যাহা করিতে পারেন নাই; বাদশাদের গুঁতোর জোরে তাহা হইতে লাগিল। আজিও সে প্রথার প্রচলন বন্ধ হয় নাই। নাপিত তো দূরের কথা ব্রাহ্মণ পণ্ডিতগণও উদাত্ত কণ্ঠে বলিতে লাগিলেন—

"দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা"।

মহাত্মা গান্ধীজী বহু দিন হইতে প্রচার করিতেছিলেন—"মানুষকে অস্পৃশ্য করিয়া রাখা মহাপাপ। এই অস্পৃশ্যতা বর্জ্জন কর।" তাঁহার কথা দেশের কয় জন মানিয়া লইয়াছিলেন? তাঁহার পুত্রগণের মধ্যেও কেহ কায়মনোবাক্যে ইহা মানিয়া লইয়াছেন বলিয়া প্রত্যক্ষ প্রমাণ পাওয়া যায় না। বরং বৈশ্যবর্ণ অপেক্ষা উচ্চবর্ণ ব্রাহ্মণের কন্যা বিবাহ করিয়াছেন কিন্তু কেহ কোন হরিজন বংশের সহিত বৈবাহিক-সূত্রে আবদ্ধ হইয়াছেন ইহা আমাদের জানা নাই। মহাত্মাজীর অস্পৃশ্যতা বর্জ্জনের ব্যর্থ প্রয়াস আজ সার্থক হইল তাঁহার তিরোভাবের পর সরকারের আইনের গুঁতোর চোটে। কাজেই ইহা স্বীকার করিতেই হইবে "প্রেম ও গুঁতোর" মধ্যে গুঁতোই তুরন্ত ফলদায়ক।

---

## ১৮ বার এম-এ ডিগ্রী লাভ

বারাণসী, ২৫শে মে—সত্তর বৎসর বয়স্ক ডঃ রামকুমার চৌবে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় হইতে এইবার কলা ও স্থাপত্যবিদ্যায় এম-এ পাশ করিয়াছেন। ডঃ চৌবে এইবার লইয়া ১৮ বার এম-এ ডিগ্রী পাইলেন, ইহাকে সম্ভবত বিশ্ব-রেকর্ডের পর্য্যায়ে ফেলা যাইতে পারে। ডঃ চৌবের সংস্কৃতে তিনটি বিষয়ে আচার্য্য উপাধি আছে। ইহা এম-এ ডিগ্রীর সমতুল। তিনিই একমাত্র ভারতীয়—যাঁহাকে হল্যাণ্ড বিশ্ববিদ্যালয় 'ডক্টর অফ ল' উপাধিতে সম্মানিত করিয়াছেন।

ডঃ চৌবে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের টিচার্স ট্রেনিং কলেজে এবং বোম্বাই-এ আরবী ও পার্শী ভাষার শিক্ষকরূপে মোট ৪৫ বছর শিক্ষকতা করিয়াছেন। অবসর গ্রহণের পরে তিনি কিছুকাল আইনজীবির পেশাও অবলম্বন করেন। বর্ত্তমানে তিনি কাশী বিদ্যাপীঠের একজন অবৈতনিক শিক্ষক। রাশিয়ার বিশ্ববিদ্যালয়ে ভাষা শিক্ষাদানের জন্য ডঃ চৌবেকে আমন্ত্রণ জানানো হইয়াছিল, কিন্তু ভগ্নস্বাস্থ্যের জন্য তিনি ঐ সুযোগ গ্রহণ করিতে পারেন নাই।

---

## শরণার্থীদের মধ্যে পাক মুসলমান

### হিন্দুর ছদ্মবেশে ঘোরাফেরা

পূর্ব্ব পাকিস্তানের খুলনা জেলার সাতক্ষীরার অধিবাসী ৩৫ বৎসর বয়স্ক এক মুসলমান যুবক সম্প্রতি হিন্দু শরণার্থীদের সহিত হাসনাবাদ ক্যাম্পে আসিয়া নিজেকে শশাঙ্ক সরকার বলিয়া পরিচয় দেয় এবং দণ্ডকারণ্যে যাইবার জন্য সরকারী কর্ম্মচারীর নিকট নাম লেখায়। তারপর সে উদ্বাস্তুদের মধ্যে ব্যাপকভাবে ঘোরাফেরা করিতে থাকে। তাহার অবাধগতি কিছু লোকের মনে সন্দেহের উদ্রেক করে এবং শরণার্থীদের মধ্যেও কেহ কেহ তাহাকে মুসলমান বলিয়া সনাক্ত করে। তাহাকে সঙ্গে সঙ্গে গ্রেপ্তার করা হয়। ধৃত ব্যক্তি এখন বসিরহাট জেল হাজতে।

---

## তিন সন্তানের জননীর কৃতিত্ব

### পর্ব্বতারোহণ শিক্ষায় অভিজ্ঞানপত্র লাভ

শ্রীমতী ভক্তি বিশ্বাস সম্প্রতি হিমালয় পর্ব্বতা-রোহণ শিক্ষণ সমাপ্ত করিয়া এই সম্পর্কে অভিজ্ঞান-পত্র পাইয়াছেন। তিনি গত ১৪ই মে জলপাইগুড়ি "যোগেশ মেমোরিয়াল হলে" তাঁহার অভিজ্ঞতা বর্ণনা করেন। তিন সন্তানের জননী শ্রীমতী ভক্তি বিশ্বাসের (৪৩) প্রদত্ত বিবরণ বাস্তবিকই হৃদয়গ্রাহী হইয়াছিল। তিনি তাঁহার বক্তব্য পেশ করিতে গিয়া আনন্দবাজার গোষ্ঠীর উদ্যোগে সদ্য প্রত্যাগত 'কাব্রোডোম' বিজয়ী অভিযাত্রী দলের সহিত সাক্ষাৎকার ও বাঙ্গালী যুবকদের কৃতিত্বের কথা বর্ণনা করেন। শ্রীমতী ভক্তি বিশ্বাস বিশিষ্ট চা-শিল্পপতি শ্রীবীরেন্দ্রচন্দ্র ঘোষ মহাশয়ের ভগ্নী।

---

## পদ্মার বুকে অভিযান

### তিন নৌকাবোঝাই মালসহ আটজন পাকিস্তানী গ্রেপ্তার

জঙ্গিপুর মহকুমার অন্তর্গত রেঞ্জাপুর চরের নিকট সীমান্তবাহিনীর নেতা (সুবেদার) শ্রীগৌর-লাল ঘোষ গত ১০-৫-৬৪ তারিখে বাত্যাবিক্ষুব্ধ পদ্মার বুকে অভিযান চালাইয়া রাত্রি ৮টার সময় এক নৌকাবোঝাই কয়েক হাজার টাকার বেআইনীভাবে আমদানীকৃত বিলাতী রং, সাইকেল

আলো ডায়নামো ইত্যাদি আটক করিয়া বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ যে, উক্ত শ্রীগৌর ঘোষ ৮ জন সীমান্ত পুলিশ লইয়া নৌকাসহ রাত্রির অন্ধকারে পদ্মার বুকে টহল দিবার সময়ে পদ্মার অপর পার হইতে একটি নৌকাকে সন্দেহজনকভাবে কুখ্যাত রেঞ্চাপুর চরের দিকে অগ্রসর হইতে দেখিতে পান। তাঁহারা নিজেদের লুক্কায়িত রাখিয়া সেই নৌকার দিকে অগ্রসর হন এবং রেঞ্চাপুর চরের অনতিদূরে নৌকাটিকে ধরিয়া ফেলেন। ঝড়বৃষ্টি ও পদ্মার তাণ্ডবনৃত্যের মধ্যে সীমান্তবাহিনীর দল সাহসিকতার সহিত এই কার্যে লিপ্ত হন। চোরাকারবারীরা প্রথমে আক্রমণাত্মক ভাব প্রকাশ করিলেও উক্ত গৌর ঘোষ সুনিপুণ দক্ষতায় তাহাদের মধ্যে ২ জনকে গ্রেপ্তার করিতে সক্ষম হন। ৬ জন বেগতিক দেখিয়া পদ্মার বুকে ঝাপাইয়া পড়ে। সঙ্গে সঙ্গে শ্রীঘোষ ও দলের নায়েক মহিতাব সিং নিজেদের জীবন বিপন্ন করিয়া তাহাদিগকে ধরিবার জন্য উদ্বেলিত পদ্মার বুকে ঝাপাইয়া পড়িয়া তাহাদিগকে অনুসরণ করিতে থাকেন। অল্পক্ষণের মধ্যেই তাঁহারা ক্লান্ত হইয়া পড়েন। অবশেষে নৌকার সাহায্যে তাঁহারা রক্ষা পান। নৌকাসহ সমস্ত মাল আটক করিয়া উক্ত ঘোষ দাওনাপুরের দিকে অগ্রসর হন। সেখানে দাওনাপুর ক্যাম্পের সীমান্ত পুলিশ লইয়া পুনরায় জীবনমরণ তুচ্ছ করিয়া পদ্মাবক্ষে অভিযান চালান। রাত্রি ৪টার সময় উদ্বেলিত পদ্মার বুকে ২টি নৌকা দৌলতপুর ঘাটের দিকে আসিতে দেখিয়া তিনি নৌকা দুইটির পশ্চাদ্ধাবন করেন। রাইফেলের সাহায্যে মাল বোঝাই নৌকা দুইটিকে আয়ত্বে আনিয়া ৭জন পাকিস্তানী চোরাকারবারীকে গ্রেপ্তার করেন। ৫ জন গভীর জলে ঝাপাইয়া পড়ে। তাঁহারা নৌকার সাহায্যে তাহাদিগকে ধরিবার জন্য আপ্রাণ চেষ্টা করেন। কিন্তু কোন ফল হয় নাই। কয়েকহাজার টাকার মালসহ ৩টি নৌকাকে আটক করা হইয়াছে। ৮ জন চোরাকারবারীকে জঙ্গিপুর কোর্টে চালান দেওয়া হইয়াছে।

## বিশ্বের কাছে ভারতের ঋণ ১৯০০ কোটি

বিশ্বের কাছে ভারতের ধার প্রায় ১,৯০০ কোটি টাকা। তারমধ্যে ১,২০০ কোটির বেশী বৈদেশিক মুদ্রায় শোধ দিতে হইবে। বাকীটা টাকায় পরিশোধ করিলেই চলিবে।

## প্রহারের ফলে মৃত্যু

কিছুদিন পূর্বে বেলডাঙ্গা থানার মহৎপুর গ্রামের নামজাদা ডাকাত ঐ অঞ্চলের নূতনপাড়া গ্রামে চুরি করিতে গিয়া হাতে হাতে ধরা পড়ে এবং গ্রামস্থ লোকেরা তাহার অত্যচার সহ্য করিতে না পারার দরুণ প্রহার করিতে থাকে। সংবাদে জানা যায় প্রহার দেওয়ার সময় ঘটনাস্থলে তাহার মৃত্যু হয়।

## রঘুনাথগঞ্জে ডাঃ প্রফুল্ল ঘোষ

বিভক্ত বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় জেলা পরিক্রমা সফরে বের হয়ে গত ২২শে মে রঘুনাথগঞ্জ সহরে আসেন। রাত্রে তিনি ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয়ের বাটীতে থাকেন। বৈকাল ৫ ঘটিকায় রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে এক সভায় তিনি বর্ত্তমান রাজনীতি, অর্থনীতি ও দেশের অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে ভাষণ দেন। তিনি বলেন দেশের সত্যি ক'রে উন্নতি করতে হলে পরের মুখাপেক্ষী হ'য়ে ঋণভার বাড়ালে বুনিয়াদ কখনও শক্ত হ'তে পারে না বরং তা দেশকে পঙ্গু করে তোলে। শুধু পরিকল্পনার উপর পরিকল্পনা করে তার পিছনে অজস্র টাকা খরচ করলে কোন দিনই খাদ্যের কিংবা কৃষকের অবস্থার উন্নতি হবে না। তিনি জার্মানী চেকোশ্লাভাকিয়া, ইসরাইল প্রভৃতি রাষ্ট্রের কথা বলতে গিয়ে বলেন যে প্রত্যেক মানুষের সর্ব্ব নিম্ন মাসিক আয় ১০০ টাকা ও সর্ব্বাধিক এক হাজার টাকা হওয়া উচিত। সর্ব্বশেষে তিনি ভারতের প্রশাসনিক অবস্থার কথা বলতে গিয়ে গান্ধীজীর মতবাদের কথা উল্লেখ করেন। শ্রীরমাপতি চট্টোপাধ্যায় মহাশয় সভায় সভাপতিত্ব করেন। সভায় সর্ব্বদলীয় লোকের প্রচুর সমাগম হইয়াছিল।

## শ্রীশ্রীলক্ষ্মীনারায়ণ পূজা

রঘুনাথগঞ্জের নিকটবর্ত্তী নিস্তা গ্রামের শ্রীযতীন্দ্রনাথ মণ্ডল মহাশয়ের ঐকান্তিক চেষ্টা ও যত্নে তাঁহার নির্ম্মিত মন্দিরে গত ৩১শে বৈশাখ শ্রীশ্রী৺লক্ষ্মীনারায়ণ দেবের প্রতিমা' পূজা সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। গ্রামবাসীগণকে ও উপস্থিত দেবদর্শনার্থীদিগকে প্রসাদ বিতরণ করা হয়। মন্দির সম্মুখে বহুলোকের সমাগম হইয়াছিল।

## কয়েকটি মৃত্যু

সম্প্রতি এক ভীষণ ঝড়-বৃষ্টির সময় নওদা নিবাসী জনৈক কালাচাঁদ মিস্ত্রী ও উপেন্দ্র মাঝি নামক দুই ব্যক্তি ফেরীঘাট হইতে ফিরিবার পথে প্রথমোক্ত জন বজ্রপাতে নিহত এবং দ্বিতীয় জন সাংঘাতিকভাবে আহত হয়। উক্ত সময় জিতপুর গ্রামের জনৈক গৃহস্থের বাড়ীতে বজ্রপাত হওয়ায় বাড়ীটি ভস্মীভূত এবং তিন ব্যক্তি ও দুইটি গরু শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হয় বলিয়া জানা গিয়াছে।

—জনমত


## আদায়কারী আবশ্যক

জামুয়ার অঞ্চলের জন্য ট্যাক্স আদায়কারী আবশ্যক। যোগ্যতা নন-ম্যাট্রিক। নিয়োগের পর এক শত টাকা জামানত দিতে হইবে। নিম্নস্বাক্ষরকারীর নিকট ২৫-৬-৬৪ ইং তারিখ মধ্যে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। ইতি ২৭-৫-৬৪

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল,
প্রধান, জামুয়ার অঞ্চল পঞ্চায়েত
পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ।

Wanted a graduate head Mistress (preferably trained) for our Jangipur Girls' Junior High School. Pay etc according to the scale of the Bengal Board of Secondary Education.

Immediately apply to the Secretary.




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নুতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )